

📖 সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১৫২

১/ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১২/ মাযী কখন ওয়ু নষ্ট করে এবং কখন করে না

আরবী

أَخْبَرَنَا هَنَادُ بْنُ السَّرِيِّ، عَنْ أَبِي بَكْرٍ بْنِ عِيَّاشٍ، عَنْ أَبِي حَصِينٍ، عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ، قَالَ قَالَ عَلِيٌّ كُنْتُ رَجُلًا مَذَّاءً وَكَانَتْ ابْنَةُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَحْتِي فَاسْتَحْيَيْتُ أَنْ أَسْأَلَهُ فَقُلْتُ لِرَجُلٍ جَالِسٍ إِلَيَّ جَنْبِي سَلْهُ . فَسَأَلَهُ فَقَالَ " فِيهِ الْوُضُوءُ "

বাংলা

১৫২। হান্নাদ ইবনু সাররী (রহঃ) ... আবু আবদুর রহমান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আলী (রাঃ) বলেছেন, আমি এমন ছিলাম যে, প্রায় আমার মযী* নির্গত হতো, আর রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কন্যা আমার সহধর্মিনী হওয়ায় আমি তাকে জিজ্ঞাসা করতে লজ্জাবোধ করতাম। অতএব আমার পার্শ্বে উপবিষ্ট এক ব্যক্তিকে এ ব্যাপারে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞাসা করতে বললাম। সে জিজ্ঞাসা করলে তিনি বললেনঃ এতে উযু (ওজু/অজু/অযু) করতে হবে।

English

Ali said:

"I was a man who had a lot of prostatic discharge, and the daughter of the Prophet (ﷺ) was married to me, so I felt shy to ask him (about that). I said to a man who was sitting beside me: 'Ask him,' so he asked him and he said: 'Perform Wudu' for that."

ফুটনোট

হাসান সহীহ, ইবনু মাজাহ হাঃ ৫০৪, ইরওয়াউল গালীল হাঃ ৪৭, ১২৫, বুখারী হাঃ ১৩২, মুসলিম (ইসলামিক সেন্টার) হাঃ ৬০৩।

* পেশাবের আগে বা পরে সামান্য কামোত্তেজনার ফলে যে পাতলা সামান্য আঠালো পানি পুরুষাঙ্গ হতে নির্গত হয়, তাকে মযী বা বীর্য রস বলে। তা বের হলে উজু ভঙ্গ হয়।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=9202>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন